

# Class.11.... Bengali

## ওরা কাজ করে... রবীন্দ্রনাথ ঠাকুর

এই কবিতাটির মূল কাব্যগ্রন্থ 'আরোগ্য'। মূল কাব্যগ্রন্থ এ কবিতাটির কোনো নাম নেই। ওখানে এটি ১০ নং কবিতা। সংকলন করার সময় এটির নাম হয় 'ওরা কাজ করে'। 'আরোগ্য' কবির ত্রয়ী কাব্যগ্রন্থ এর একটি। ১৯৪০ সালে কালিম্পং গিয়ে রবীন্দ্রনাথ অসুস্থ হয়ে পড়েন। কলকাতার বাড়িতে আনা হয়। চলে চিকিৎসা। একটু সুস্থ হলে নভেম্বর মাসে ফিরে আসেন শান্তিনিকেতনে। একটু একটু করে আরোগ্য অর্থাৎ সুস্থ হয়ে ওঠেন। এই অসুস্থতা, আরোগ্য লাভ ও তার শেষ জন্মদিন (১৯৪১ মে মাস) এই তিন ভাবনা নিয়েই তার ত্রয়ী কাব্যগ্রন্থ হল 'রোগশয্যা', 'আরোগ্য', 'জন্মদিনে'। ওরা কাজ করে কবিতাটি কবির শেষের দিকের রচনা।

- কবিতাটির দুটি ভাগ বলা যায়। প্রথম অংশে কবি মহাশূন্যের পানে তাকিয়ে সাম্রাজ্যবাদ ও সাম্রাজ্যলোভী মানুষগুলির কথা বলেছেন। তারা একে একে এসেছে, জয় করেছে, বিজয়রথ ও বিজয়পতাকা নিয়ে শাসন করেছে। পার্থান, মুঘল, ইংরেজ সবাই সাম্রাজ্যলোভীর দল। ইতিহাস তাদের মনে রাখবে না। কোনো জ্যাতিঙ্কলোক তাদের সন্ধান করবে না। তারা শিশুপাঠ্য কাহিনি তেই রয়ে গেছে।
- কবিতার অন্য ভাগে কবি বলেছেন সাধারণ কর্মজীবী মানুষের কথা। যাদের উপর ভর দিয়েই সভ্যতার অগ্রগতি হয়। তারা কাজ করে দেশে দেশে। দিন রাত গাঁথা আছে তাদের কর্মমুখর পরিশ্রমে। কবি এদের দেখেছেন মাটির পৃথিবী পানে তাকিয়ে। এদের কাঁধেই থাকে সভ্যতার ভার। এরাই বাহক। তাই এরা চির অমর। জ্যাতিঙ্কলোকের পথে এরা অক্ষয়। এরা শহর গ্রাম পথ ঘাট সব জায়গায় কাজ করে। এদের কাজই এদের মন্ত্র। তাই দিয়েই মন্ত্রিত করে তোলে সব।
- অসুস্থ কবি যখন শান্তিনিকেতনে ফেরেন তখন অনেক সাধারণ মানুষ আসতেন তার খোঁজ নিতে। তাদের নামে নয়, কাজের আন্তরিকতায় কবি তাদের মনে রেখেছিলেন।

### ★প্রশ্ন..... কবিতা

১. 'জ্যাতিঙ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না'।.....কোন সময়ের লেখা ও মূল কাব্যগ্রন্থ কি? জ্যাতিঙ্কলোকের পথে কাদের রেখামাত্র থাকবে না? কবি

কেন একথা বলেছেন? এপ্রসঙ্গে কবি কাদের কথা বলেছেন, যারা চিরকাল রয়ে যাবে ও কেন?

## ২. ★.ব্যাকরণ....

### # বানান শুদ্ধ কর...

বিদ্যান, প্রতীজোগীতা, উদ্বান, আকাংখা, দাদশ

### # চলিতে লেখ....

.কাগজের সংবাদদাতা হইলেও, নিয়মানুসারে তাহাকে সাংবাদিকতা করিতে দেখি নাই।

### # বাচ্য পরিবর্তন কর...

\* কোথায় থাকা হয়?(কর্তৃ),\* বেড়াতে যাব।(ভাব),\* পুলিশ চোর ধরেছে।(কর্ম)

## New format of class 11 syllabus, as per council given.

80..... paper , 20.....project

(80 marks divided into two parts)

### **Sec A (language)...(total...40)**

composition (15), comprehension (15), grammar (10)

ব্যাকরণ.. বানান ও বাক্য শুদ্ধ, বাক্য পরিবর্তন(সরল, জটিল, যৌগিক),

বাচ্য পরিবর্তন(কর্তৃ, কর্ম, ভাব),

সাধু চলিত,বাগধারা(শূন্যস্থান পূরণ),এক কথায় প্রকাশ (with option)

**Sec B (literature)..(total 40)** কোনি, প্রবন্ধ ও গল্প, কবিতা (সব বই থেকে তিনটে করে option থাকবে। একটি প্রশ্ন সব বই থেকে নিয়ে মোট চারটে উত্তর each question 10 marks)

\*\*\*\*\*